

মাঠ পর্যায়ে রাজস্ব সংগ্রহে কঠোর মনিটরিং করছে এনবিআর

রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী ও সুসংহত করার লক্ষ্যে ২০১৫-১৬ অর্থ বছরে নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা ১,৭৬,৩৭১ (এক লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত একাত্তর) কোটি টাকা অর্জনের দৃঢ় প্রত্যয়ে জাতীয় রাজস্ব বোর্ড নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। এক্ষেত্রে, সরকারের রাজনৈতিক নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মাঠ পর্যায়ের কার্যক্রম কঠোরভাবে মনিটরিং করার পাশাপাশি কর্মকর্তাদের সম্মানিত করদাতাগণের সাথে আলোচনা ও অংশীদারিত্বের ভিত্তিতে রাজস্ব সংগ্রহ কার্যক্রম জোরদার করার কৌশল গ্রহণ করা হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে গত ২৮ জানুয়ারি ও ২ ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে যথাক্রমে ২টি রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হয়।

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো: নজিবুর রহমান রাজস্ব সম্মেলনে সভাপতিত্ব করেন। উক্ত রাজস্ব সম্মেলনে তিনি রাজস্ব সংগ্রহ কার্যক্রমে আন্তরিক ও বলিষ্ঠ ভূমিকা রাখায় সকল কর্মকর্তা কর্মচারীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। চেয়ারম্যান, এনবিআর বলেন, বিগত ৩০ জানুয়ারি ২০১৬ চট্টগ্রামে দেশের সর্বোচ্চ ভবন “ওয়ার্ল্ড ট্রেড সেন্টার” উদ্বোধনকালে মাননীয় প্রধানমন্ত্রী দেশকে স্বাবলম্বী করার যে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন এবং ব্যবসায়ীদেরকে নিয়মিত করদানের উদাত্ত আহবান জানিয়েছেন, তা দেশে রাজস্ব বান্ধব সংস্কৃতিকে অত্যন্ত সুদৃঢ় করবে। রাজস্ব বোর্ডের ইতিহাসে এটি মাননীয় প্রধানমন্ত্রীর ‘চট্টগ্রাম ঘোষণা’ হিসেবে স্বর্ণাক্ষরে লিখা থাকবে মর্মে তিনি উল্লেখ করেন। এ সময় তিনি কর্মকর্তা কর্মচারীদের উদ্দেশ্যে ০৪ (চার) দফা নির্দেশনা প্রদান করেন, যা নিম্নরূপ:

(১) সবার আগে দেশের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানঃ সরকার ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১ এর আলোকে জাতীয় স্বার্থকে সর্বাবস্থায় সমুল্লত রাখা।

(২) মন্ত্রণালয়/বিভাগ/রাজস্ব বোর্ডের ভাবমূর্তিকে ধরে রাখাঃ মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় অর্থপ্রতিমন্ত্রীর সদয় রাজনৈতিক নির্দেশনা অনুযায়ী রাজস্ব সংগ্রহ সংশ্লিষ্ট সব ধরনের কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়ন করা। এক্ষেত্রে ৫ টি “P” নীতি যথা- a) Political Guidance (রাজনৈতিক নির্দেশনা); b) People (জনগণ- করদাতা); c) Partnership ( অংশীদারিত্ব); d) Planning (পরিকল্পনা) এবং e) Performance (কার্যসম্পাদন) সর্বদা স্মরণ রাখা, উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি শ্রদ্ধাশীল থাকা এবং প্রিসনার’স ডিলেমা পরিহার করা।

(৩) Annual Performance Agreement (APA)/Budget Implementation Plan (BIP) এবং Strategic Plan (SP) অনুযায়ী রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং করদাতা বান্ধব পরিবেশ তৈরী করাঃ

জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রাপ্ত নির্দেশনা কঠোরভাবে পরিপালন করা; রাজস্ব সম্মেলনে বিভিন্ন অংশীজন কর্তৃক উত্থাপিত বিষয়াদি এবং পরিদর্শন ও পরিবীক্ষণের সময়কালে প্রাপ্ত তথ্যাদি যথাযথভাবে অনুসরণ করা এবং

(৪) স্বকীয়তা বজায় রাখা এবং সহকর্মীদের সাথে সৌহার্দ্যপূর্ণ সুসম্পর্ক স্থাপনঃ


বিভাগীয়/দপ্তর প্রধান এবং দলের সদস্য (Team Member) হিসেবে সহকর্মী ও অংশীজনদের সাথে সর্বাঙ্গিক সহযোগিতা করা। রাজস্ব সম্মেলন/ রাজস্ব সংলাপকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা এবং বস্তুনিষ্ঠ ও ইতিবাচক ব্যবস্থাপনা কৌশল হিসেবে “Monthly Report Card” কে বিশেষ গুরুত্ব প্রদান করা।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া

  
(সৈয়দ এ. মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা